# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৯

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫১. আগুনের জ্বাল দেয়া (রান্না করা) খাদ্য আহার করার কারণে ওযু করা

بَاب الْوُضُوءِ مِمَّا مَسَّتِ النَّارُ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي عُقَيْلٌ عَنْ ابْنِ شِهَابٍ أَخْبَرَنِي عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي بَكْرِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ أَنَّ خَارِجَةَ بْنَ زَيْدٍ الْأَنْصَارِيَّ أَخْبَرَهُ أَنَّ أَبَاهُ زَيْدَ بْنَ ثَابِتٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ الْوُضُوءُ مِمَّا مَسَّتْ النَّارُ قِيلَ لِأَبِي مُحَمَّدٍ تَأْخُذُ بِهِ قَالَ لَا

إسناده ضعيف لضعف عبد الله بن صالح كاتب الليث

বাংলা

৭৪৯. যাইদ ইবনু ছাবিত রাদ্বিয়াল্লাহ আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি: “আগুনে জ্বাল দেয়া বস্তু আহার করলে ওযু করবে।”[1] আবু মুহাম্মদকে বলা হলো: আপনি কি এমত গ্রহণ করেছেন? তিনি বললেন: না।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। (কিন্তু এটি সহীহ সনদে বর্ণনা করেছেন সহীহ মুসলিম, তাবারানী, খতীব। তাখরীজে দেখুন।–অনুবাদক)।

তাখরীজ: তাবারানী, আল কাবীর ৫/১২৮ নং ৪৮৩৬, ৪৮৩৩, ৪৮৩৪ সহীহ সনদে; (অপর সনদে) সহীহ মুসলিম ৩৪১; তাবারানীর সনদে খতীব, ফাকীহ ওয়াল মুতাফাকিহ ১/১২৭-১২৮ নং৪৮৩৫-৪৮৪০ সনদ সহীহ; দেখুন, সহীহ ইবনু হিব্বান নং ১১২৪-১১৬০; মাজমাউয যাওয়াইদ নং ১৩১৫-১৩৩২ এ দুটি আমাদের তাহক্বীক্বকৃত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76125

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন